গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.bbs.gov.bd

নং- ৫২.০১.০০০০.১০৪.৯৯.০০৭.২০২০.৩৪৮৮

তারিখ: ২৮ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ
১২ জানুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২০২১ এর ১ম অর্ধবার্ষিক (জুলাই-ডিসেম্বর, ২০২০) অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোহাম্মদ তাজুল ইসলাম, মহাপরিচালক, বিবিএস। |
| সভার তারিখ | : | ০৫ জানুয়ারি, ২০২১ খ্রি.। |
| সময় | : | সকাল ১০.৩০ ঘটিকা। |
| স্থান | : | বিবিএস কনফারেন্স কক্ষ। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

২.০ সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মেহেনাজ তাবাসসুম, ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। আলোচ্যসূচি অনুযায়ী সভায় নিম্নলিখিত আলোচনা হয়।

**৩.০ আলোচনা:**

৩.১ আলোচ্যসূচি 'ক' অনুযায়ী সভায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২০২১ এর ১ম অর্ধবার্ষিক (জুলাই-ডিসেম্বর, ২০২০) অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক আগামী ১৪ জানুয়ারি, ২০২১ তারিখের মধ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২০২১ এর অর্ধবার্ষিক (জুলাই-ডিসেম্বর, ২০২০) অগ্রগতি প্রতিবেদন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করার বাধ্যবাধকতা রয়েছে মর্মে এপিএ টিম এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন। এ লক্ষ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২০২১ এর সংশ্লিষ্ট সকল ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে স্ব স্ব কর্মসম্পাদন সূচকের অর্ধবার্ষিক (জুলাই-ডিসেম্বর, ২০২০) অগ্রগতি প্রতিবেদন প্রেরণের অনুরোধ জানিয়ে গত ২০ ডিসেম্বর, ২০২০ তারিখে পত্র প্রেরণ করা হয়। ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ হতে প্রাপ্ত প্রতিবেদনের আলোকে প্রস্তুতকৃত অর্ধবার্ষিক (জুলাই-ডিসেম্বর, ২০২০) অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করা হয় এবং নিম্নলিখিত আলোচনা হয়:

ক) কর্মসম্পাদন সূচক [১.১.১] প্রধান ফসলের বার্ষিক জরিপ পরিচালনা ও তথ্য প্রকাশিত, কর্মসম্পাদন সূচক [১.১.১] অপ্রধান ফসলের বার্ষিক জরিপ পরিচালনা ও তথ্য প্রকাশিত, [২.৪.১] Methodological guidelines and protocol for integrating gender and social inclusion in Climate Change and Disaster- related Statistics, [২.৫.১] নগর আর্থসামাজিক অবস্থা নিরূপণ জরিপ-এর প্রতিবেদন প্রকাশ, [৩.৪] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদিত হয়েছে। এছাড়া কর্মসম্পাদন সূচক [১.৩.১], [১.৩.২], [১.৩.৩], [১.৪.১], [১.৪.২], [১.৪.৩], [১.১৩.১], [১.১৪.১], [১.১৫.১], [১.১৭.১], [২.৬.১], [৩.১.১], [৩.২.১], [৩.৪.১], [এম ১.১.১], [এম১.১.২], [এম১.৫.১] এবং [এম২.৪.১] এর লক্ষ্যমাত্রা যথাসময়ে অর্জন করা সম্ভব হয়েছে। এ পরিপ্রেক্ষিতে সভাপতি উল্লিখিত সূচক সংশ্লিষ্ট সকল ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং সুপারভাইজিং কর্মকর্তাগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

খ) সভায় এপিএ ২০২০-২১ এ "জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প" এর সংশ্লিষ্ট কার্যক্রম নিয়ে আলোচনা করা হয়। এ পরিপ্রেক্ষিতে জনাব আমজাদ হোসেন, যুগ্মপরিচালক ও উপপ্রকল্প পরিচালক (ফিল্ড অপারেশন), জনশুমারি ও গৃহগণনা প্রকল্প ২০২১ জানান যে, কর্মসম্পাদন সূচক [২.২.১] জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর মূল শুমারি কার্যক্রম সম্পন্নের সময়সীমা পুনঃনির্ধারণের নিমিত্ত মাননীয় প্রধানমন্ত্রীর নিকট সারসংক্ষেপ প্রেরণ করা হয়েছে। এছাড়া কর্মসম্পাদন সূচক [২.২.৩] খানা তালিকা প্রণয়ণ, গণনা এলাকা চিহ্নিতকরণ ও জোনাল অপারেশন নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পাদন করা সম্ভব হবে মর্মে সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন।

গ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১ এ অন্তর্ভুক্ত আবশ্যিক কর্মসম্পাদন সূচক [১.২], [১.৩] এবং [১.৪] অনুযায়ী আগামী ৩০ জুন, ২০২১ তারিখের মধ্যে শুদ্ধাচার/উত্তমচর্চা, অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবা গ্রহীতা/অংশীজনদের সঙ্গে ৪টি অবহিতকরণ/মতবিনিময় সভা আয়োজন করার বাধ্যবাধকতা রয়েছে। অদ্যবধি এ সংক্রান্ত একটি সভাও আয়োজন করা হয়নি বিধায় এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করেন। এপিএ ২০১৯-২০ এ

উল্লেখিত সূচকসমূহে কোন নম্বর অর্জন করা সম্ভব হয়নি বিধায় বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করতে হবে মর্মে এপিএ টিম প্রধান সভাকে অবহিত করেন।

ঘ) কর্মসম্পাদক সূচক [এম ২.১.১] ই- নথিতে মোট নিষ্পতিকৃত নোটের সংখ্যা বিষয়ে সভায় আলোচনা হয়। এ পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব সাদেক হোসেন খোকা, প্রোগ্রামার জানান যে, ই-নথি বিষয়ে এটুআই প্রকল্পের সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগ করা হয়েছে। এ বিষয়ে এটুআই প্রকল্পের সংশ্লিষ্ট কর্মকর্তা জানান যে, ই-নথি সফওয়্যারটি আপগ্রেডেশনের কার্যক্রম চলমান থাকায় সংক্রিয়ভাবে রিপোর্ট জেনারেট করা সম্ভব হচ্ছে না। এছাড়া বিবিএস সার্ভারের ইন্টারনেট সমস্যার কারণে ই-নথির বাস্তবায়ন কার্যক্রম গতিশীলতা হারাচ্ছে মর্মে সভায় উপস্থিত পরিচালকগণ সভাকে অবহিত করেন। এ বিষয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর সাথে যোগাযোগ করে বিবিএস এর ইন্টারনেট গতিশীল করার উদ্যোগ গ্রহণ করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

ঙ) কর্মসম্পাদক সূচক [এম ২.৪.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে পাঁচ ঘন্টা করে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা এবং কর্মসম্পাদক সূচক [এম ২.৫.১] ন্যূনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রণোদনা প্রদানের বিষয়ে অদ্যবধি উদ্যোগ গ্রহণ করা হয়নি বিধায় সভায় এ বিষয়ে আলোচনা হয়। এপিএ বাস্তবায়নের জন্য প্রণোদনা প্রদান বিষয়ে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থা বিভাগ হতে প্রস্তুতকৃত নির্দেশনা অনুসরণ করে বিবিএস এর আওতাধীন বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়সমূহে প্রণোদনা প্রদানের উদ্যোগ গ্রহণ করা হবে মর্মে এপিএ টিম প্রধান সভাকে অবহিত করেন। এছাড়া ৩১ জানুয়ারি, ২০২১ তারিখের মধ্যে ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে পাঁচ ঘন্টা করে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা সম্ভব হবে মর্মে পরিচালক, এসএসটিআই সভাকে অবহিত করেন।

৪.০ সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

৪.১ আগামী ১৪ জানুয়ারি, ২০২১ তারিখের মধ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২০২১ এর অর্ধবার্ষিক (জুলাই-ডিসেম্বর, ২০২০) অগ্রগতি প্রতিবেদন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করতে হবে;

৪.২ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২০২১ এর যেসব কর্মসম্পাদন সূচকের অগ্রগতি সন্তোষজনক নয়, সেসব সূচকসমূহ লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে অর্জনের উদ্যোগ গ্রহণ করতে হবে।

৫.০ আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১/০১/২০২১

মোহাম্মদ তাজুল ইসলাম
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক

**বিতরণ: (কার্যার্থে/ জ্ঞাতার্থে ) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. ড. মো: শাহাদাৎ হোসেন, পরিচালক (যুগ্মসচিব), সেন্সাস উইং, বিবিএস, ঢাকা।
২. জনাব আবুল কালাম আজাদ, পরিচালক, স্ট্যাটিসটিক্যাল স্টাফ ট্রেনিং ইনস্টিটিউট, বিবিএস, ঢাকা।
৩. জনাব আলাউদ্দিন আল আজাদ, পরিচালক, এগ্রিকালচার উইং, বিবিএস, ঢাকা।
৪. জনাব মোহাম্মদ আবদুল কাদির মিয়া, পরিচালক, ন্যাশনাল একাউন্টিং উইং (মূল্য ও মজুরি), বিবিএস, ঢাকা।
৫. জনাব মো: মাসুদ আলম, পরিচালক, ডেমোগ্রাফি অ্যান্ড হেলথ উইং, বিবিএস, ঢাকা।
৬. জনাব কবির উদ্দিন আহাম্মদ, পরিচালক, ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং, বিবিএস, ঢাকা।
৭. জনাব এমদাদুল হক, পরিচালক, এফএ অ্যান্ড এমআইএস উইং, বিবিএস, ঢাকা।
৮. জনাব জিয়াউদ্দীন আহমদ, পরিচালক, ন্যাশনাল অ্যাকাউন্টিং উইং(জিডিপি ও বৈদেশিক বাণিজ্য), বিবিএস, ঢাকা।
৯. জনাব মাহফুজুল ইসলাম, পরিচালক, কম্পিউটার উইং,বিবিএস, ঢাকা। (বিবিএস ওয়েবসাইটের কর্মসম্পাদন ব্যবস্থাপনা সেবাবক্সে আপলোডের অনুরোধসহ)।
১০. জনাব আমজাদ হোসেন, যুগ্মপরিচালক ও উপপ্রকল্প পরিচালক (ফিল্ড অপারেশন), জনশুমারি ও গৃহগণনা প্রকল্প ২০২১, বিবিএস।
১১. জনাব এস.এম কামরুল ইসলাম, যুগ্মপরিচালক, এগ্রিকালচার উইং, বিবিএস,ঢাকা।

১২. জনাব সালমা হাসনায়েন, যুগ্মপরিচালক, ন্যাশনাল অ্যাকাউন্টিং উইং ,বিবিএস, ঢাকা।
১৩. জনাব মো. রফিকুল ইসলাম, প্রকল্প পরিচালক, ইসিডিএস প্রকল্প, বিবিএস, ঢাকা।
১৪. জনাব মো: নজরুল ইসলাম, সিনিয়র সিস্টেম অ্যানালিস্ট, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা।
১৫. জনাব যতন কুমার সাহা, সিস্টেম অ্যানালিস্ট, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা।
১৬. জনাব তোফায়েল আহমদ, উপপরিচালক, ন্যাশনাল অ্যাকাউন্টিং উইং (জিডিপি ও বৈদেশিক বাণিজ্য),বিবিএস, ঢাকা।
১৭. জনাব ইফতেখাইরুল করিম, উপপরিচালক, ডেমোগ্রাফি অ্যান্ড হেলথ উইং, বিবিএস, ঢাকা।
১৮. জনাব মো. আলমগীর হোসেন, উপপরিচালক, সেন্সাস উইং,বিবিএস, ঢাকা।
১৯. জনাব আবদুর রব ঢালী, উপপরিচালক, এসএসটিআই, বিবিএস, ঢাকা।
২০. জনাব মো: শহিদুল ইসলাম, উপপ্রকল্প পরিচালক, কৃষিশুমারি ২০১৮ প্রকল্প, বিবিএস, ঢাকা।
২১. জনাব মোহাম্মদ শফিকুল ইসলাম, উপপরিচালক, ন্যাশনাল অ্যাকাউন্টিং উইং,বিবিএস,ঢাকা।
২২. জনাব সাদেক হোসেন খোকা, প্রোগ্রামার, কম্পিউটার উইং, (সংযুক্তঃ কৃষিশুমারি প্রকল্প), বিবিএস, ঢাকা।
২৩. জনাব মোঃ আমিরুল ইসলাম, উপপরিচালক, প্লানিং অ্যান্ড ডেভেলপমেন্ট সেল, বিবিএস, ঢাকা।
২৪. জনাব মেহেনাজ তাবাসসুম, উপপরিচালক, এফএ অ্যান্ড এমআইএস উইং, বিবিএস, ঢাকা।
২৫. জনাব নয়ন কান্তি রায়, পরিসংখ্যান কর্মকর্তা, জনশুমারি ও গৃহগণনা প্রকল্প ২০২১, বিবিএস, ঢাকা।
২৬. জনাব মো: হাফিজুর রহমান, পরিসংখ্যান কর্মকর্তা,এফএ অ্যান্ড এমআইএস উইং, বিবিএস, ঢাকা।
২৭. জনাব জাকির হোসেন, ডিডিও (হিসাব শাখা), এফএ অ্যান্ড এমআইএস উই ,বিবিএস, ঢাকা।
২৮. জনাব মো: আবদুল হাই শাহ, প্রশাসনিক কর্মকর্তা (অডিট), এফএ অ্যান্ড এমআইএস উইং, বিবিএস, ঢাকা।
২৯. জনাব প্রলয় কুমার গোস্বামী, সহকারী মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা।
৩০. জনাব মোহাম্মদ জুনাঈদ ভূঁইয়া, পরিসংখ্যান কর্মকর্তা, বিবিএস, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০২। উপসচিব (এসডিজি সেল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাপরিচালক, বিবিএস, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য )।
০৪। স্টাফ অফিসার, উপমহাপরিচালক, বিবিএস, ঢাকা (উপমহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য )।
০৫। অফিস কপি।